**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৬৩/২০১৭**

**ঢাকা, বৃহস্পতিবার ৩০ মার্চ ২০১৭, ১৬ চৈত্র ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সন্ত্রাস জঙ্গিবাদের বিরুদ্ধে রুখে দাঁড়ান
ঢাকা ভেঙে নতুন বিভাগ হবে : প্রধানমন্ত্রী

২। জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিতের বিষয়টি বঙ্গবন্ধুর কাছে শিখেছি : প্রধানমন্ত্রী

৩। রাষ্ট্রপতির কাছে তিন দেশের রাষ্টদূতের পরিচয়পত্র পেশ

৪। আর দুর্নীতি করব না, দুদকে যাব না বলে শপথ নিন : অর্থমন্ত্রী

৫। যুদ্ধাপরাধের সঙ্গে জড়িত পাকিস্তানের সামরিক বাহিনীর
১৯৫ জনকে ফেরত চাওয়া হবে : আইনমন্ত্রী

৬। মৌলভীবাজারে জঙ্গি আস্তানায় প্রয়োজনে সেনা অভিযান : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। প্রশ্ন ফাঁসকারীদের চিহ্নিত করে কঠোর ব্যবস্থা : শিক্ষামন্ত্রী

৮। ভারত বাংলাদেশের নিকটতম প্রতিবেশী বন্ধু : তথ্যমন্ত্রী

৯। দক্ষ কর্মী তৈরিতে ই-লার্নিং : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী

১০। কুমিল্লা সিটি করপোরেশনে ভোট গ্রহণ আজ

১১। ঝালকাঠির শারমীন আক্তার পেলেন যুক্তরাষ্ট্রের সাহসী নারী পদক

চলমান পাতা-২

১। **সন্ত্রাস জঙ্গিবাদের বিরুদ্ধে রুখে দাঁড়ান**
**ঢাকা ভেঙে নতুন বিভাগ হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ইসলাম শান্তির ধর্ম। ইসলাম কখনও জঙ্গিবাদকে সমর্থন করে না। এ ব্যাপারে ইমাম, ধর্মীয় পন্ডিতসহ সমাজের সর্বস্তরের মানুষকে সোচ্চার হওয়ার আহ্বান জানান তিনি। গতকাল ২৯ মার্চ বুধবার ফরিদপুরে সরকারি রাজেন্দ্র কলেজ মাঠে আওয়ামী লীগের জনসভায় তিনি এসব কথা বলেন। দেশে সংঘটিত জঙ্গিবাদী কর্মকান্ডের ইঙ্গিত করে তিনি বলেন, ইসলাম আত্মহননের পথ বেছে নেওয়া কখনো সমর্থন করে না। এই জঙ্গিবাদ ইসলামকে বিশ্ববাসী হেয় করছে। মুসলমানদের মান-সম্মান নষ্ট করছে। এ ব্যাপারে প্রত্যেক সোচ্চার হতে হবে। প্রধানমন্ত্রী বলেন, আপনাদের ছেলে-মেয়ে কোথায় যাচ্ছে, কার সঙ্গে মিশছে সে ব্যাপারে খোঁজ খবর রাখবেন। আপনাদের সন্তানকে সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদকের পথ থেকে রক্ষা করবেন। এ সময়ে তিনি স্কুল-কলেজে কোন কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকছে সে ব্যাপারে শিক্ষকদের সতর্ক থাকতে বলেন। ফরিদপুরকে নতুন বিভাগ করার দাবির পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী বলেন, আমরা ঢাকাকে ভেঙে ময়মনসিংহ বিভাগ করেছি। ঢাকাকে ভেঙে নতুন আরেকটি বিভাগ হবে। ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর নিয়ে বিভাগ করা হবে। এ ব্যাপারে আমাদের পরিকল্পনা আছে। প্রধানমন্ত্রী সভাস্থলে এসে **১৯**টি উন্নয়ন প্রকল্প উদ্বোধন এবং **১১**টি প্রকল্পের ভিত্তিপ্রস্তুর স্থাপন করেন।সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)। **সংবাদ, সমকাল, ইত্তেফাক, যুগান্তর, জনকণ্ঠ, ইনকিলাব, প্রথম আলো, বাংলাদেশ টুডে, এশিয়ান এজ, ডেইলি সান, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিতের বিষয়টি বঙ্গবন্ধুর কাছে শিখেছি : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জনগণের স্বাস্থ্যসেবা কীভাবে নিশ্চিত করা যায় তা তিনি বঙ্গবন্ধুর কাছে শিখেছেন এবং গোটা দেশ সফর করে এ বিষয়ে অনেক অভিজ্ঞতা অর্জন করেছেন। এর প্রেক্ষিতে **১৯৯৬** সালে দায়িত্ব গ্রহণের পর আমরা সাধারণ মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছাতে স্বাস্থ্য খাতের উন্নয়নে সব অভিজ্ঞতা প্রয়োগ এবং দেশব্যাপী হেলথ কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থকেন্দ্র স্থাপন করি। কিন্তু **২০০১** সালে বিএনপি জামায়াত ক্ষমতায় এসে রাজনৈতিক প্রতিহিংসায় হেলথ কমিউনিটি ক্লিনিকগুলো বন্ধ করে দিয়ে সাধারণ মানুষকে স্বাস্থ্যসেবার সুযোগ লাভ থেকে বঞ্চিত করে। ২০০9 সালে আওয়ামী লীগ সরকার পুনরায় ক্ষমতায় এসে হেলথ কমিউনিটি ক্লিনিকগুলো আবারও চালু করে। বর্তমানে **১৮** হাজার **৩৩৭** টি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র থেকে জনগণ স্বাস্থ্যসেবা পাচ্ছে। গতকাল ২৯ মার্চ বুধবার সকালে গণভবনে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক পরিচালক ডাঃ পুনম ক্ষেত্রপাল সিং সৌজন্য সাক্ষাত করতে গেলে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬)।

৩। **রাষ্ট্রপতির কাছে তিন দেশের রাষ্টদূতের পরিচয়পত্র পেশ**

বাংলাদেশে নিযুক্ত জর্জিয়া, রোমানিয়া ও ইউক্রেনের রাষ্ট্রদূতরা গতকাল ২৯ মার্চ বুধবার বঙ্গভবনে রাষ্ট্রপতি আবদুল হামিদের সঙ্গে পৃথকভাবে তাঁদের পরিচয়পত্র পেশ করেছেন। তাঁরা হলেন জর্জিয়ার আরচিল জুলিয়াসভিলি, রোমানিয়ার রাদু অকটাভিয়ান ডোবরে এবং ইউক্রেনের ইগোর পোলিখা। রাষ্ট্রপতি তিন রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে বলেন, বাংলাদেশ সব সময় দ্বিপক্ষীয় সম্পর্ককে গুরুত্ব দেয়। পরিচয়পত্র প্রদান অনুষ্ঠান শেষে রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীন জানান, নতুন রাষ্ট্রদূতদের দায়িত্ব পালনকালে এসব দেশের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক জোরদার হবে বলে আশা প্রকাশ করেন। রাষ্ট্রপতি দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদারে এবং বাংলাদেশ ও সংশ্লিষ্ট দেশগুলোর মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে পদক্ষেপ নিতে রাষ্ট্রদূতদের প্রতি আহ্বান জানান। এ সময় তাঁরা রাষ্ট্রপতিকে আগামী দিনগুলোতে দ্বিপক্ষীয় সহযোগিতা বৃদ্ধিতে প্রয়োজনীয় সব পদক্ষেপ নেওয়ার আশ্বাস দেন। এর আগে বঙ্গভবনে রাষ্ট্রপতির গার্ড রেজিমেন্টের একটি সুসজ্জিত দল তিন রাষ্ট্রদূতকে গার্ড অব অনার প্রদান করে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৪,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬)।

৪। **আর দুর্নীতি করব না, দুদকে যাব না বলে শপথ নিন : অর্থমন্ত্রী**

সরকারী কর্মকর্তা-কর্মচারীদের অসৎ পথ থেকে ফিরে এসে দুর্নীতি করব না, দুর্নীতি দমন কমিশনে (দুদক) যাব না বলে শপথ করার আহ্বান জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। একই সঙ্গে সরকার দুদকে দুর্নীতিবাজদের কোনো তদ্বিরে কাজ হবে না এমন করেই দুদককে ক্ষমতা প্রদান করা হয়েছে বলেছেন তিনি। গতকাল ২৯ মার্চ বুধবার রাজধানীর শিল্পকলা একাডেমিতে দুর্নীতি প্রতিরোধ সপ্তাহের চতুর্থ দিনে ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের শ্রেষ্ঠ মহানগর, জেলা ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির (দুদক) সদস্যদের মাঝে পুরস্কার বিতরণ

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৩), **সমকাল** (পৃ.৩,ক.৬), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

**৫। যুদ্ধাপরাধের সঙ্গে জড়িত পাকিস্তানের সামরিক বাহিনীর ১৯৫ জনকে ফেরত চাওয়া হবে : আইনমন্ত্রী**

১৯৭১ সালের যুদ্ধাপরাধের সাথে জড়িত পাকিস্তান সামরিক বাহিনীর ১৯৫ সদস্যকে দেশে এনে বিচারের



জন্য ফেরত চাওয়া হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। গতকাল ২৯ মার্চ বুধবার গণহত্যা দিবস উপলক্ষে রাজধানীর রমনায় বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ মিলনায়তনে এক সেমিনারের সমাপনী অধিবেশনে তিনি এসব কথা বলেন। আইনমন্ত্রী বলেন, ১৯৭৪ সালে বাংলাদেশ ভারত ও পাকিস্তানের মধ্যে ত্রি-পাক্ষিক চুক্তিতে বলা হয়, ১৯৫ সামরিক বাহিনীর সদস্যকে পাকিস্তানে বিচার করা হবে। এ জন্য তাদের পাকিস্তানে পাঠানো হয়। কিন্তু তাদের বিচার হয়নি ফলে এ চুক্তি লঙ্ঘিত হয়েছে। সেজন্য বাংলাদেশ এই ১৯৫ জনের বিচার করতে চায়। তিনি আরও বলেন, আমরা জানি ১৯৫ জনের অনেকেই বেঁচে নেই। কিন্তু যারা জীবিত আছেন তাদের ফেরত চাই। এজন্য আমরা চেষ্টা করব। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.১৬,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

**৬। মৌলভীবাজারে জঙ্গি আস্তানায় প্রয়োজনে সেনা অভিযান : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, পুলিশের বিশেষ ইউনিট সোয়াটের সদস্যরা মৌলভীবাজারের বাড়ি দুটিতে অভিযান চালানোর উদ্দেশে রওনা হয়েছেন। তারা পৌঁছানোর পর এ অভিযান শুরু হবে। প্রয়োজন হলে সেনাবাহিনীকেও এতে সম্পৃক্ত করা হবে। তবে পুলিশের বিশেষ ইউনিট সোয়াটই যথেষ্ট। গতকাল ২৯ মার্চ বুধবার সচিবালয়ে তিনি আরও বলেন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এই দুটি বাড়ি ঘেরাও করে রেখেছে। সেখানে জনাদশেক জঙ্গি থাকতে পারে। এই দুটি বাড়িতে বিশেষ কেউ আছে কি-না জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, প্রাথমিক ধারণা থেকে মনে হচ্ছে, বড় কোনো জঙ্গি থাকতে পারে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫)।

**৭। প্রশ্ন ফাঁসকারীদের চিহ্নিত করে কঠোর ব্যবস্থা : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রশ্ন ফাঁসকারীদের সঠিক ও সুনিদিষ্টভাবে চিহ্নিত করা হবে। ছাত্র, শিক্ষক, অভিভাবক বা স্কুল যেই হোক, তথ্য পেলে আইনি ব্যবস্থা নেওয়া হবে। যত বড় অপারেশনই প্রয়োজন হোক, তা করা হবে। এই ক্যান্সার জাতি বহন করতে পারছে না। প্রশ্ন ফাঁসে যারা চিহ্নিত হয়েছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে জানান তিনি। এইচএসসি ও সমমানের পরীক্ষা সুষ্ঠুভাবে আয়োজনে গতকাল ২৯ মার্চ বুধবার সচিবালয়ে জাতীয় মনিটরিং কমিটির সভায় সভাপতির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, প্রশ্ন ফাঁস রোধে বিজিপ্রেসে নজর দিলেও গত তিন বছরে সেখান থেকে প্রশ্ন ফাঁস হওয়ার কোনো তথ্য পাওয়া যায়নি। প্রশ্ন বিতরণেও নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে। শিক্ষকদের কাছে প্রশ্ন যাওয়ার পর তারা প্রচারে সম্পৃক্ত হয়ে যান। অভিভাবকরাও প্রশ্ন পাওয়ার সঙ্গে যুক্ত হয়ে যান। এরপর তো আর যাওয়ার জায়গা থাকে না। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**৮। ভারত বাংলাদেশের নিকটতম প্রতিবেশী বন্ধু : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, ভারত বাংলাদেশের নিকটতম প্রতিবেশী বন্ধু। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারত সরকারের যৌথ উদ্যোগ দু'দেশের মধ্যে যে পারস্পারিক আস্থা ও নিরাপত্তার সৌহার্দ্য গড়েছে, উন্নয়ন অংশীদারিত্বে তা ক্রমবর্ধমান ভূমিকা রাখবে। গতকাল ২৯ মার্চ বুধবার সচিবালয়ে বাংলাদেশ সফররত সাত সদস্যের ভারতীয় সাংবাদিক দলের সঙ্গে মতবিনিময়কালে তথ্যমন্ত্রী এ সব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৩), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**৯। দক্ষ কর্মী তৈরিতে ই-লার্নিং : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী**

দক্ষ কর্মী তৈরি এবং বিদেশে প্রেরণের ক্ষেত্রে ই-লার্নিং প্লাটফর্ম ফর মাইগ্রেন্ট ওয়ার্কার'স কোর্সটি একটি সময়োপযোগী পদক্ষেপ বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। গতকাল ২৯ মার্চ বুধবার কাকরাইলে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) সম্মেলন কক্ষে 'ই-লার্নিং প্লাটফর্ম ফর মাইগ্রেন্ট ওয়ার্কার'স কোর্স এবং ই-ইনোভেশন কার্যক্রম' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। প্রবাসী কল্যাণমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার রূপকল্প 'ডিজিটাল বাংলাদেশ' ও 'রূপকল্প-২০২১' বাস্তবায়নে জনশক্তি,

কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ই-লার্নিং প্লাটফর্ম ফর মাইগ্রেন্ট ওয়ার্কার এবং ই-ইনোভেশন সাধারণ মানুষের প্রত্যাশা পূরণ এবং দেশ গড়ার মহান যাত্রাপথে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমার দৃঢ় বিশ্বাস। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **ইনকিলাব** (পৃ.১২,ক.২)।

**১০। কুমিল্লা সিটি করপোরেশনে ভোট গ্রহণ আজ**

কুমিল্লা সিটি করপোরেশন (কুসিক) নির্বাচনে ভোট গ্রহণ আজ। সকাল ৮ টা থেকে বিকাল ৪টা পর্যন্ত টানা ভোট গ্রহণ চলবে। নির্বাচন উপলক্ষে আজ এই সিটি করপোরেশনে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। নির্বাচনে একজন মেয়র ও ৩৬ জন কাউন্সিলর নির্বাচিত করতে দুই লাখ ৭ হাজারের বেশি মানুষ তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। মেয়র পদে চারজন প্রতিদ্বন্দ্বিতা করলেও মূল লড়াই হবে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী আঞ্জুম সুলতানা সীমা ও বিএনপির মো. মনিরুল হক সাক্কুর মধ্যে। দুই প্রার্থীই জয়ের ব্যাপারে আশাবাদী। এ ছাড়া ২৭টি ওয়ার্ডে সাধারণ কাউন্সিলর পদে ১১৪ জন ও ৯টি সংরক্ষিত নারী কাউন্সিলর পদে ৪০ জন প্রার্থী রয়েছেন। এদিকে ভোট গ্রহণের যাবতীয় প্রস্তুতি শেষ করে এনেছে নির্বাচন কমিশন (ইসি)। ভোট কেন্দ্রে নির্বাচনী



সরঞ্জামাদি পৌঁছে গেছে। ভোট গ্রহণ ও ভোটারদের নিরাপত্তায় মাঠে রয়েছে প্রায় পাঁচ হাজার নিরাপত্তা বাহিনীর সদস্য। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**১১। ঝালকাঠির শারমীন আক্তার পেলেন যুক্তরাষ্ট্রের সাহসী নারী পদক**

নিজের বাল্যবিয়ে ঠেকিয়ে অনন্য দৃষ্টান্ত স্থাপনকারী ঝালকাঠির কিশোরী শারমীন আক্তার এবার যুক্তরাষ্ট্রের সাহসী নারীর সম্মাননা পেয়েছেন। গতকাল ২৯ মার্চ বুধবার ওয়াশিংটনে মার্কিন ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্প তার হাতে এ পদক তুলে দেন। শারমীন ছাড়াও বিশ্বের বিভিন্ন দেশের ১৩ সাহসী নারী 'ইন্টারন্যাশনাল উইমেন অব কারেজ অ্যাওয়ার্ড-২০১৭' এ ভূষিত হন। মার্কিন পররাষ্ট্র দফতরে আয়োজিত এ অনুষ্ঠানে সেক্রেটারি থমাস এ শ্যানন উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৩), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** বিশ্ববিদ্যালয়গুলোতে ব্লু ইকোনমি এবং সমুদ্রবিজ্ঞান গবেষণা সংক্রান্ত অধ্যয়ন ও পাঠ্যক্রম চালু করার উদ্যোগকে স্বাগত জানিয়ে বাংলাদেশের টেকসই ভবিষ্যতের জন্য তা খুবই প্রয়োজনীয় বলে অভিমত।

**খ.** **সংবাদ, নিউ নেশন :** ঋণ পুনর্গঠনের সুবিধা নিয়েও বড় ঋণ খেলাপিরা ঋণ পরিশোধ না করায় তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিয়ে দৃষ্টান্ত স্থাপন করার সুপারিশ।

**গ.** **জনকণ্ঠ, সংবাদ, সমকাল, ডেইলি স্টার :** নতুন সড়ক পরিবহণ আইনে সাধারণ মানুষের নিরাপত্তার দাবি উপেক্ষিত যেন না হয় সেজন্য জনস্বার্থে আইনটি চূড়ান্ত হওয়ার আগে সে বিষয়ে লক্ষ্য রাখার প্রত্যাশা।

**ঘ.** **প্রথম আলো :** বৈশ্বিক যক্ষ্মা প্রতিবেদনে বাংলাদেশে প্রতিদিন ১ হাজার মানুষ যক্ষ্মায় আক্রান্ত হওয়ার আর দিনে ২০০ যক্ষ্মা রোগীর মৃত্যু হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে দেশের প্রতিটি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে যক্ষ্মা শনাক্তকরণের আধুনিক যন্ত্রপাতি স্থাপন করার পাশাপাশি যক্ষ্মা রোগের বিপদ ও লক্ষণ সম্পর্কে ব্যাপক প্রচারণা চালানোর ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **সমকাল :** সম্প্রতি মেঘনাতীরের জেলাগুলোতে মণকে মণ জাটকা ও লাখ লাখ মিটার কারেন্ট জাল ধরা পড়ার পরিপ্রেক্ষিতে ইলিশ রক্ষা কার্যক্রমের ত্রুটিগুলো দূর করে সার্বিক সমন্বিত ব্যবস্থাপনা চালানোর সুপারিশ।

**চ.** **যুগান্তর, ইনকিলাব, ভোরের কাগজ :** কুমিল্লা সিটি করপোরেশনের মেয়র নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার প্রত্যাশা ব্যক্ত ।

**ছ.** **ইনকিলাব :** চট্টগ্রাম, কক্সবাজার ও সিলেটের পাহাড়ে ঝুঁকিপূর্ণ বসবাস ও দখলবাজি বন্ধ করার ওপর গুরুত্বারোপ।

**জ.** **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীর বেহাল অবস্থায় থাকা সড়কগুলো আসন্ন বর্ষা মৌসুমের আগে মেরামত ও সংস্কার করার পাশাপাশি রাস্তার আশে পাশে পড়ে থাকা নির্মাণ সামগ্রী অপসারণ করে পথ চলাচল সুগম করার সুপারিশ।

**ঝ.** **ডেইলি সান :** গ্রামের কর্মস্থলে ডাক্তারদের উপস্থিতি নিশ্চিত করতে প্রশাসন কর্মস্থলে ডাক্তারদের অনুপস্থিতি রুখতে 'ট্রান্সফার পলিসি' সংশোধনের যে উদ্যোগ নিয়েছে তাতে সরকারি হাসপাতালে শৃঙ্খলা ফিরবে বলে প্রত্যাশা ব্যক্ত ।

**ঞ.** **নিউ এজ :** বাগেরহাটে ইঞ্জিন চালিত নৌকা ডুবে প্রাণহানীর ঘটনা তুলে ধরে জননিরাপত্তার স্বার্থে

অনতিবিলম্বে সরকারকে অনিবন্ধিত ইঞ্জিন চালিত নৌকা ও অতিরিক্ত যাত্রীও মালামাল বহনের বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ট.** **নিউ নেশন :** সিঙ্গাপুরে কার্মরত প্রবাসী বাংলাদেশি কর্মীদের দুর্দশার চিত্র তুলে ধরে সিঙ্গাপুরের বাংলাদেশ হাই কমিশনকে প্রবাসী শ্রমিকদের দুর্দশা দূরীকরণে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে গোটা শিক্ষা ব্যবস্থাকে জাতীয়করণ করে গ্রাম-শহর, ধনী-দরিদ্র নির্বিশেষে সাম্যের ভিত্তিতে মানসম্মত শিক্ষাকে সর্বজনীন করা হবে। সকল দেশপ্রেমিক, শুভবুদ্ধিসম্পন্ন মানুষের এটাই প্রত্যাশা বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বাল্যবিয়ে নিরোধ আইন ২০১৭ ও আমাদের আশঙ্কা'** শিরোনামের নিবন্ধে কামরুন্নেসা নাজলী বাল্যবিয়ের শিকার মেয়ে ও তার পরিবার যে মারাত্মক ক্ষতির সম্মুখীন হয়, তার জের টানতে হয় সারা জীবন। একজন নারীর সারা জীবনের সুস্থ্যতায় বাল্যবিয়ের ব্যাপক প্রভাব রয়েছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা